


স্মারক নং- জাককানইবি/আই.এন.এস/গবেষণা/২০২২/৩৩৬

তারিখ : ১০/১১/২০২২

বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকবৃন্দ ও স্নাতকোত্তর পর্যায়ের নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, শিক্ষকদের কাছ থেকে এককভাবে গবেষণা প্রকল্পের আবেদন আহবান এবং শিক্ষার্থীদের নিজ নিজ বিভাগের একজন শিক্ষকের তত্ত্বাবধানে এককভাবে 'নজরুল জীবন ও কর্মবিষয়ক' গবেষণা প্রকল্পের প্রস্তাবনা এবং এই বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ে নজরুল জীবন ও সৃষ্টিকর্ম বিষয়ক অভিসন্দর্ভ (Thesis) রচনার জন্য কোর্স শিক্ষক/গবেষণা তত্ত্বাবধায়কের সুপারিশসহ আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অগ্রহী শিক্ষক এবং শিক্ষার্থীদের গবেষণা তত্ত্বাবধায়কের সুপারিশসহ আগামী ১৭/১১/২০২২ তারিখের মধ্যে পরিচালক, ইন্সটিটিউট অব নজরুল স্টাডিজ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় বরাবর গবেষণা প্রস্তাবনা জমাদানের জন্য বলা হলো।

উল্লেখ্য যে, গবেষণা তত্ত্বাবধায়ক কমপক্ষে সহকারী অধ্যাপক হতে হবে। তবে পিএইচ.ডি ডিগ্রিধারী প্রভাষকগণ তত্ত্বাবধায়ক হতে পারবেন। একজন শিক্ষক মাত্র একজন গবেষকের তত্ত্বাবধায়ক হতে পারবেন। ইতোপূর্বে প্রস্তাবিত বিষয়ের উপর গবেষণা সম্পন্ন করা হলে, সেই সকল প্রস্তাবনা গ্রহণযোগ্য হবে না এবং এই বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থানুকূলে প্রকল্প চলমান থাকাবস্থায় নতুন কোন প্রকল্পের জন্য আবেদন করা যাবে না। বি. দ্র. : পূর্বের বিজ্ঞপ্তিতে আবেদনকারী গবেষক নতুন করে আবেদন করতে পারবেন।



অধ্যাপক ড. সৌমিত্র শেখর

পরিচালক (দায়িত্বপ্রাপ্ত)

ইন্সটিটিউট অব নজরুল স্টাডিজ

এবং

উপাচার্য

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং- জাককানইবি/আই.এন.এস/গবেষণা/২০২২/৩৩৬


তারিখ : ১০/১১/২০২২

সদয় অবগতির জন্য বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় প্রধান, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ, সঙ্গীত বিভাগ, চারুকলা বিভাগ, থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগ, ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ, দর্শন বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, পরিসংখ্যান বিভাগ, অর্থনীতি বিভাগ, লোকপ্রশাসন ও সরকার পরিচালনা বিদ্যা বিভাগ, ফোকলোর বিভাগ, আইন ও বিচার বিভাগ, নৃবিজ্ঞান বিভাগ, পপুলেশন সায়েন্স বিভাগ, স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ, সমাজবিজ্ঞান বিভাগ, হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ, HRM বিভাগ, ব্যবস্থাপনা বিভাগ, জাককানইবি, ত্রিশাল, ময়মনসিংহ (বিভাগের সকল শিক্ষক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের অবগতি করার জন্য অনুরোধ করা হলো)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

৭. ট্রেজারার, জাককানইবি।
৮. রেজিস্ট্রার, জাককানইবি।
৯. পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র, জাককানইবি।
১০. পরিচালক, অর্থ ও হিসাব, জাককানইবি।
১১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জাককানইবি।
১২. অফিস কপি।



10.11.2022

রাশেদুল আনাম

অতিরিক্ত পরিচালক

ইন্সটিটিউট অব নজরুল স্টাডিজ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়